


## নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলের ১টি শূন্য ইমাম পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই কামিল/ ইসলামিক স্টাডিজ/আরবি বিষয়ে এম.এ ডিগ্রিধারী হইতে হইবে। শুদ্ধ উচ্চারণ, সুন্দর কণ্ঠস্বর ও তেলাওয়াতসহ কুরআনে হাফেজ/ উচ্চতর ডিগ্রি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে নামাজ পড়ানোর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ০২-০৪-২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

  
০৭/০৩/২০২০